

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রজ্ঞাপন

তারিখ : ২৯ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৩ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং- ২৮৯-আইন/২০২৪।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০নং আইন) এর ধারা ৬৬, ধারা ১২০ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল-১ এর—

(ক) ক্রমিক নং ১১৯ ও উহার বিপরীতে কলাম (২), (৩), (৪), ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১১৯ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১১৯। কানুনগো ৩০ বৎসর (ক) ৫০% পদ পদোন্নতির পদোন্নতির ক্ষেত্রে :  
মাধ্যমে, তবে (ক) সার্ভেয়ার পদে ৭ (সাত)  
পদোন্নতিযোগ্য প্রার্থী বৎসরের চাকরি; বা  
পাওয়া না গেলে (খ) ট্রেসার পদে ৯ (নয়)  
সরাসরি নিয়োগের বৎসরের চাকরি।  
মাধ্যমে; সরাসরি নিয়োগের ক্ষেত্রে :  
কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা  
প্রতিষ্ঠান হইতে সার্ভে ডিপ্লোমা।”;

(খ) ৫০% পদ সরাসরি  
নিয়োগের মাধ্যমে।

(২৩১৩৫)

মূল্য : টাকা ৪.০০

(খ) ক্রমিক নং ১২২ ও উহার বিপরীতে কলাম (২), (৩), (৪), ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১২২ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১২২। সার্ভেয়ার ৩০ বৎসর (ক) ৩০% পদ পদোন্নতির পদোন্নতির ক্ষেত্রে :

মাধ্যমে, তবে (ক) চেইনম্যান (স্থায়ী) পদে  
পদোন্নতিযোগ্য প্রার্থী ১২ (বার) বৎসরের চাকরি; এবং  
পাওয়া না গেলে (খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে  
সরাসরি নিয়োগের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা  
মাধ্যমে; সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।  
(খ) ৭০% পদ সরাসরি সরাসরি নিয়োগের ক্ষেত্রে :

(ক) কোনো স্বীকৃত বোর্ড  
হইতে দ্বিতীয় বিভাগ বা  
সমমানের জিপিএসহ উচ্চ  
মাধ্যমিক সার্টিফিকেট বা  
সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট  
বা প্রতিষ্ঠান হইতে ১ (এক)  
বৎসর মেয়াদি সার্ভে ট্রেড কোর্স  
সার্টিফিকেট; এবং

(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার  
পরিচালনায় দক্ষতা।”;

(গ) ক্রমিক নং ৩৯৬ ও উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৩৯৬ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৩৯৬। পরিচ্ছন্ন কর্মকর্তা - পদোন্নতির মাধ্যমে। (ক) পরিচ্ছন্ন পরিদর্শক বা বর্জ্য  
ব্যবস্থাপনা পরিদর্শক পদে  
১০(দশ) বৎসরের চাকরি; এবং  
(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়  
হইতে স্নাতক বা সমমানের  
ডিগ্রি।”;

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোরশেদ জামান

সচিব।